# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৪৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মহান আল্লাহ রমযানের সিয়াম পালনকারী ও সালাত প্রতিষ্ঠাকারীকে জান্নাতে প্রবেশ করাবেন, যখন সে কাবীরা গোনাহ থেকে বেঁচে থাকবে

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ اللَّهَ جَلَّ وَعَلَا إِنَّمَا يُدْخِلُ الْجَنَّةَ صَائِمَ رَمَضَانَ مَعَ إِقَامَةِ الصَّلَاةِ إِذَا كَانَ مُجْتَنِبًا لِلْكَبَائِرِ

---

আরবী

1745 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ بِبَيْتِ الْمَقْدِسِ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ ابْنَ أَبِي هِلَالٍ حَدَّثَهُ عَنْ نُعَيْمٍ الْمُجْمِرِ أَنَّ صُهَيْبًا مَوْلَى الْعُتْوَارِيِّينَ حَدَّثَهُ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ وَأَبَا سَعِيدٍ الْخُدْرِيَّ يُخْبِرَانِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أنه جَلَسَ عَلَى الْمِنْبَرِ ثُمَّ قَالَ: (وَالَّذِي نَفْسِي بِيَدِهِ - ثَلَاثَ مَرَّاتٍ - ) ثُمَّ سَكَتَ فأكَبَّ كُلُّ رَجُلٍ مِنَّا يَبْكِي حُزْنًا لِيَمِينِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ قَالَ: (مَا مِنْ عَبْدٍ يُؤَدِّي الصَّلَوَاتِ الْخَمْسَ وَيَصُومُ رَمَضَانَ وَيَجْتَنِبُ الْكَبَائِرَ السَّبْعَ إِلَّا فُتحت لَهُ أَبْوَابُ الْجَنَّةِ الثَّمَانِيَةُ يَوْمَ الْقِيَامَةِ حَتَّى إِنَّهَا لَتَصْطَفِقُ ثُمَّ تَلَا: {إِنْ تَجْتَنِبُوا كَبَائِرَ مَا تُنهون عنه نُكَفِّرْ عنكم سيئاتكم} [النساء: 31]

الراوي : أَبُو هُرَيْرَةَ وَ أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1745 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

১৭৪৫. আবূ হুরাইরা ও আবূ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তারা বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার মিম্বারের উপর বসেন, তারপর তিনি বলেন, "যে কোন বান্দা পাঁচ ওয়াক্ত সালাত আদায় করেন, রমযানের সিয়াম পালন করেন এবং সাতটি ধ্বংসাত্মক পাপ থেকে বিরত থাকে, তবে কিয়ামতের দিন তার জন্য জান্নাতের আটটি দরজা খুলে দেওয়া হবে। এমনকি সেগুলি নড়েচড়ে উঠবে। তারপর তিনি পাঠ করেন, إِنْ تَجْتَنِبُوا كَبَائِرَ مَا تُنهون عنه نُكَفِّرْ عنكم سيئاتكم (তোমাদের উপর যা নিষেধ করা হয়েছে, তন্মধ্যে যদি

তোমরা কাবীরা গোনাহ থেকে বিরত থাকো, তবে আমরা তোমাদের পাপরাশি মোচন করে দিবো।”- সূরা নিসা: ৩১)[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৩১৫; সুনান বাইহাকী: ১০/১৮৭; নাসাঈ: ৫/৮; ইমাম বুখারী, আত তারীখুল কাবীর: ৪/৩১৬; তাফসীরে তাবারী: ৯১৮৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান : ১৭৪৫)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90961

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন